দৈনিক জনকণ্ঠ

তারিখ ... JAN. 6 1999 ...
পৃষ্ঠা 2 কলাম 7 ......

584

# ঢাকা ভার্সিটির শিক্ষকের বিরুদ্ধে যৌন নির্যাতনের অভিযোগ ॥ তদন্ত রিপোর্ট ১০ জানুয়ারি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ॥ যৌন নির্যাতনের অভিযোগে অভিযুক্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের জনৈক শিক্ষকের ঘটনাকে কেন্দ্র করে গঠিত তদন্ত কমিটির রিপোর্ট আজ ৬ জানুয়ারির পরিবর্তে আগামী ১০ জানুয়ারি পেশ করা হবে। তদন্ত কমিটি সূত্রে জানা গেছে, চূড়ান্ত রিপোর্ট প্রদান করতে আরও কিছু সময় লাগবে। এই কারণে তদন্ত কমিটির আহ্বায়ক অধ্যাপক শাহাদত আলী কর্তৃপক্ষের কাছ থেকে চার দিন সময় নিয়েছেন।

এদিকে যৌন নিপীড়নবিরোধী ছাত্রছাত্রীরা তাদের কর্মসূচী অব্যাহত রেখেছে। গতকাল মঙ্গলবার যৌন নিপীড়ন বিরোধীরা ক্যাম্পাসে মিছিল শেষে অপরাজেয় বাংলার পাদদেশে সমাবেশ করেছে।